গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
মোরেলগঞ্জ,বাগেরহাট।

**"খাদ্যবান্ধব কর্মসূচির জন্য ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি"**

এতদ্বারা মোরেলগঞ্জ উপজেলাধীন বিভিন্ন ইউনিয়নের খাদ্যশস্য লাইসেন্স প্রাপ্ত ব্যবসায়ীসহ অন্যান্য ব্যবসায়ীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইউনিয়ন পর্যায়ে হতদরিদ্রদের মধ্যে "খাদ্যবান্ধব কর্মসূচির" আওতায় সরকার নির্ধারিত মূল্যে কার্ডের মাধ্যমে খাদ্যশস্য বিতরণের লক্ষ্যে বিভিন্ন ইউনিয়ন এর জন্য ৪২ (বিয়াল্লিশ) জন ডিলার নিয়োগ দেয়া হবে। আবেদনপত্র মুখবন্ধ খামে আগামী ২৩/ ০৭ /২০২৫ খ্রি: তারিখ বেলা ৫.০০ ঘটিকার মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে হাতে হাতে জমা দিতে হবে এবং খামের উপরে নিজের নাম, বিক্রয়কেন্দ্রের নাম ও ইউনিয়নের নাম সুস্পষ্ট ভাবে লিখতে হবে। এই নিয়োগ "খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪" অনুযায়ী হবে ।

নিম্নে উল্লেখিত ইউনিয়নসমূহে খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার নিয়োগ দেয়া হবে।

| ক্র. নং | ইউনিয়ন | বাজারের নাম | ক্র. নং | ইউনিয়ন | বাজারের নাম | ক্র. নং | ইউনিয়ন | বাজারের নাম |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | তেলিগাতী | ১।তেলিগাতী বাজার। | ০৬ | চিংড়াখালী | ১।চিংড়াখালী হাই স্কুলের পাশে<br>২।চিংড়াখালী বাজার<br>৩।নারিকেলবাড়ীয়া বাজার। | ১১ | বহরবুনিয়া | ১।কলেজ বাজার<br>২।ফুলহাতা বাজার<br>৩।ঘষিয়াখালী বাজার। |
| ০২ | পঞ্চকরন | ১।দেবরাজ বাজার<br>২।পঞ্চকরন বাজার<br>৩।পাঁচগাও বাজার। | ০৭ | হোগলাপাশা | ১।মহেশ্বপুরার মোড়<br>২। তালতলা বাজার। | ১২ | জিউধরা | ১।ডেউয়াতলা বাজার<br>২।কাকড়াতলী বাজার<br>৩।লক্ষীখালী বাজার। |
| ০৩ | পুটিখালী | ১।ভাটখালী বাজার<br>২।পুটিখালী শহিদ মার্কেট<br>৩।মঙ্গলের হাট<br>৪।সোনাখালী বাজার। | ০৮ | বনগ্রাম | ১। বলভদ্রপুর বাজার,<br>২। বনগ্রাম বাজার। | ১৩ | নিশানবাড়ীয়া | ১।জিউধরা বাজার। |
| ০৪ | দৈবজ্ঞহাটী | ১।হাসেমখার হাট<br>২।নব্বইরশি বাজার<br>৩।দৈবজ্ঞহাটী বাজার। | ০৯ | বলইবুনিয়া | ১।কালিকাবাড়ী বাজার<br>২।কালিকাবাড়ী বাজার। | ১৪ | বারইখালী | ১।তেতুলবাড়ীয়া বাজার<br>২।তেতুলবাড়ীয়া বাজার<br>৩।এসবি বাজার<br>৪।বারইখালী বাজার ২নং ওয়ার্ড<br>৫।চৌধুরী কাচারী মোড়। |
| ০৫ | রামচন্দ্রপুর | ১। কামলা বাজার। | ১০ | হোগলাবুনিয়া | ১।সানকিভাংগা খেয়াঘাট<br>২।ফকিরবাড়ী বাজার<br>৩। নাগেরহাট বাজার<br>৪। চৌকিদারের হাট | ১৫ | মোরেলগঞ্জ | ১।পশ্চিম সরালিয়া খেয়াঘাট। |
| | | | | | | ১৬ | খাউলিয়া | ১।খাউলিয়া এসডিএফ<br>২।পল্লিমঙ্গল বাজার<br>৩।বানিয়াখালী বাজার<br>৪। সন্নাসী বাজার। |

আবেদন পত্রের সাথে নিম্ন বর্ণিত কাগজ পত্র জমা দিতে হবে।

০১। আবেদনকারীর নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা ও দোকানের অবস্থান আবেদন পত্রে উল্লেখ করতে হবে এবং আবেদনকারীকে স্ব-ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং বয়স ১৮ বছরের উর্ধ্বে হতে হবে।

০২। দোকানের মেঝে পাঁকা হতে হবে ও পণ্যের নিরাপত্তা সংরক্ষণের জন্য উপযোগী হতে হবে। ডিলারের দোকানে কম পক্ষে ১৫ মে.টন চাল সংরক্ষণের ব্যবস্থা থাকতে হবে।

০৩। ডিলারকে অবশ্যই আর্থিক ভাবে স্বচ্ছল হতে হবে এবং আর্থিক স্বচ্ছলতার স্বপক্ষে ব্যাংক সনদপত্র দাখিল করতে হবে।

০৪। দুই কপি পাসপোর্ট সাইজ ছবি এবং ভোটার আইডি কার্ড এবং নাগরিক সনদের ফটোকপি জমা দিতে হবে।

০৫। দোকানের স্বপক্ষে চুক্তির কাগজপত্র ৩০০ টাকার স্ট্যাম্পে জমা দিতে হবে এবং দোকান অবশ্যই বিজ্ঞপ্তিতে উল্লিখিত বাজারে/জায়গায় থা[illegible]ত হবে।

০৬। কোনো সরকারি কর্মচারী, জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।

০৭। ট্রেড লাইসেন্স (হালনাগাদ) থাকতে হবে ও খাদ্যশস্যর (ফুডগ্রেইন) লাইসেন্স থাকতে হবে।

০৮। নিয়োগ প্রাপ্ত ডিলারকে ফেরতযোগ্য ২৫,০০০/- টাকার জামানত পেঅর্ডার মূলে জমা দিতে হবে।

০৯। নিয়োগ প্রাপ্ত ডিলারকে ৩০০/- টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে নির্ধারিত অঙ্গিকার মোতাবেক অঙ্গিকারনামা দাখিল করতে হবে।

১০। ত্রুটিপূর্ণ,অসম্পূর্ণ, কিংবা নির্ধারিত সময়ের পরে দাখিলকৃত আবেদন বাতিল বলে গণ্য হবে। নিয়োগ পাবার পরে কোনো মিথ্যা তথ্য উদঘাটিত হলে কর্তৃপক্ষ ডিলারশিপ বাতিল করতে পারবে।

১১। খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা ২০২৪ অনুযায়ী পুরাতন লাইসেন্স প্রাপ্ত ব্যক্তিগণ এ নীতিমালায় নতুনভাবে আবেদন করতে পারবেন।

১২। খাদ্য অধিদপ্তরের কোনো ডিলার/মিলার/ঠিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত বা যেকোনো অনিয়মের কারণে ডিলারশিপ বাতিল হলে তিনি ওএমএস ডিলারের জন্য আবেদন করতে পারবেন না।

১৩। সকল কাগজপত্র ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

১৪। একই ব্যক্তি একাধিক কর্মসূচির ডিলার হতে পারবে না এবং এই লাইসেন্সের মেয়াদ হবে ০৫ বছর। কোনো জায়গায় একাধিক যোগ্য আবেদন পাওয়া গেলে লটারির মাধ্যমে ডিলার নির্বাচন করা হবে।

**১৫। ডিলার নিয়োগ সংক্রান্ত যেকোনো বিষয় পরিবর্তন/সংযোজন/বাতিল করার ক্ষমতা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন। ডিলার নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গন্য হবে।**

আবেদনপত্রের সঙ্গে প্রয়োজনীয় কাগজপত্র সত্যায়ন করে দাখিল করতে হবে:

(১) পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি (২) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদপত্র (৩) ট্রেড লাইসেন্সের ফটোকপি (৪) দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগপত্রের (নিজের হলে দলিলপত্র, ভাড়া হলে চুক্তিপত্র দিতে হবে) ফটোকপি (৫) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (৬) নাগরিকত্ব সনদপত্রের ফটোকপি (৭) অঙ্গীকারনামা।

**বি.দ্র. খাদ্যবান্ধব কর্মসূচির ডিলারশিপ প্রাপ্তির জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মোরেলগঞ্জ,বাগেরহাট হতে সংগ্রহ করতে হবে।**

( ধ্রুব মন্ডল )
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
মোরেলগঞ্জ,বাগেরহাট।
তারিখ: ০৭/০৭/২০২৫ খ্রি.

স্মারক নং: ১৩.০১.০১৬০.০০১.৩২.০১.২৫.২০৬

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। জেলা প্রশাসক, বাগেরহাট ও সভাপতি, জেলা খাদ্যবান্ধব কমিটি,বাগেরহাট।
০২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, বাগেরহাট ও সদস্যসচিব, জেলা খাদ্যবান্ধব কমিটি,বাগেরহাট।
০৩। উপজেলা নির্বাহী অফিসার,মোরেলগঞ্জ ও সভাপতি উপজেলা খাদ্যবান্ধব কমিটি, মোরেলগঞ্জ,বাগেরহাট।
০৪। উপজেলা কৃষি কর্মকর্তা, মোরেলগঞ্জ ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, মোরেলগঞ্জ,বাগেরহাট।
০৫। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মোরেলগঞ্জ ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, মোরেলগঞ্জ,বাগেরহাট
০৬। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মোরেলগঞ্জ ও সদস্য, উপজেলা খাদ্য বান্ধব কমিটি, মোরেলগঞ্জ,বাগেরহাট।
০৭। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মোরেলগঞ্জ ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, মোরেলগঞ্জ,বাগেরহাট।
০৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মোরেলগঞ্জ ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, মোরেলগঞ্জ,বাগেরহাট।
০৯। প্রশাসক/চেয়ারম্যান..................(সকল) ইউনিয়ন পরিষদ।
১০। ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা, ..................(সকল) ইউনিয়ন পরিষদ। বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানের অনুরোধ করা হলো।
১১। সভাপতি/ সম্পাদক,মোরেলগঞ্জ প্রেস ক্লাব, মোরেলগঞ্জ,বাগেরহাট।
১২। সভাপতি/ সম্পাদক,মোরেলগঞ্জ উপজেলা প্রেস ক্লাব, মোরেলগঞ্জ,বাগেরহাট।
১৩। সভাপতি/ সম্পাদক,মোরেলগঞ্জ পৌর প্রেস ক্লাব, মোরেলগঞ্জ,বাগেরহাট।
১৪। অফিস কপি।

০৭।২৫
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
মোরেলগঞ্জ,বাগেরহাট।